

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.


নম্বর-৩৪.০১.০০০০.০৪৫.৩৭.০১৭.২৩-১৭৯

তারিখ: ২৮.১১.২০২৩খ্রি.

ফ্রিল্যান্সিং প্রশিক্ষণে ভর্তি বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'শিক্ষিত কর্মপ্রত্যাশি যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প' এর আওতায় দেশের ৮টি বিভাগের ১৬টি জেলায় (ঢাকা, গোপালগঞ্জ, গাজীপুর, শরীয়তপুর, মাদারীপুর, রাজবাড়ী, কুমিল্লা, লক্ষ্মীপুর, চাঁদপুর, রাজশাহী, নড়াইল, ঠাকুরগাঁও, ভোলা, শেরপুর, সিলেট ও সুনামগঞ্জ) ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ চলমান রয়েছে। আগামী ১ জানুয়ারি ২০২৪ হতে ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত ৩ মাস মেয়াদী (৬০০ ঘন্টা) প্রশিক্ষণে ভর্তির জন্য ১৬টি জেলায় ১৮ হতে ৩৫ বছর বয়সী শিক্ষিত কর্মপ্রত্যাশি যুবদের নিকট থেকে অনলাইনে নিম্নবর্ণিত লিংকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইনে দরখাস্ত আগামী ১৪-১২-২০২৩খ্রি. তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। প্রশিক্ষণার্থীগণ দৈনিক ২০০/- টাকা হারে ভাতা প্রাপ্য হবেন। প্রশিক্ষণের জন্য কোন প্রকার ভর্তি ফি'র প্রয়োজন হবে না। বৈধ আবেদনকারীদের লিখিত পরীক্ষা আগামী ১৯-১২-২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২১-১২-২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ২৭-১২-২০২৩খ্রি. তারিখে প্রকাশ করা হবে।

অনলাইনে আবেদনের লিংক: www.e-laeltd.com/student-reg-jubo । কর্তৃপক্ষ যে কোন বিষয়ে পরিবর্তন বা পরিবর্ধন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(মো: আব্দুর রেজাক)

প্রকল্প পরিচালক
শিক্ষিত কর্মপ্রত্যাশি যুবদের ফ্রিল্যান্সিং
প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
ফোন: ২২৩৩৮২২৭৩